গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৩নং গট্টি ইউনিয়ন পরিষদ, সালথা, ফরিদপুর

চেয়ারম্যানঃ হাবিবুর রহমান লাবলু
মোবাইলঃ ০১৭১১-১২৩২৯৬ Email: up3nogatti@gmail.com

স্থানঃ পরিষদের স্থায়ী কার্যালয় তারিখঃ ০৫/০২/২০২৩ ইং
সভাপতিত্বঃ হাবিবুর রহমান লাবলু, চেয়ারম্যান, অত্র পরিষদ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পরিচিতি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | হাবিবুর রহমান লাবলু | ইউপি চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ২. | মোছাঃ ঝর্না বেগম | সঃ মঃ সঃ- ১,২,৩ | ” |
| ৩. | হাজেরা বেগম | সঃ মঃ সঃ- ৪,৫,৬ | ” |
| ৪. | মোছাঃ বিলকিছ বেগম | সঃ সঃ সঃ- ৭,৮,৯ | ” |
| ৫. | মোঃ নুরুউদ্দিন মাতুব্বর | ইউপি সদস্য-১ | ” |
| ৬. | মোঃ মুরাদ মোল্যা | ইউপি সদস্য-২ | ” |
| ৭. | মোঃ পারভেজ | ইউপি সদস্য-৩ | ” |
| ৮. | মোঃ শাজাহান শেখ | ইউপি সদস্য-৪ | ” |
| ৯. | মোঃ মনিরুজ্জামান | ইউপি সদস্য-৫ | ” |
| ১০. | মোঃ নুর ইসরাম | ইউপি সদস্য-৬ | ” |
| ১১. | মোঃ নুরুল ইসলাম খান | ইউপি সদস্য-৭ | ” |
| ১২. | মোঃ বকুল মাতুব্বর | ইউপি সদস্য-৮ | ” |
| ১৩. | মোঃ আবু মিয়া | ইউপি সদস্য-৯ | ” |
| ১৪. | মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুন | ইউপি সচিব | ” |

অদ্যকার সভা ৩নং গট্টি ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব হাবিবুর রহমান লাবলু মহোদয়ের সভাপতিত্বে শুরু করা হয়। গত সভার কার্য বিবরণী পাঠান্তে কোন সংশোধনী ছাড়াই সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (ক) মাসিক সভার নির্দিষ্ট দিন নির্ধারণ | সভাপতি মহোদয় মাসিক সভার নির্দিষ্ট দিন ধার্য করার প্রস্তাব দিলে সকলে তার প্রস্তাব সমর্থন করেন এবং নির্দিষ্ট দিন ধার্য করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | মাসিক সভা প্রত্যেক মাসের শেষের সপ্তাহের মঙ্গলবার দিন ধার্য করা হয়। তবে জরুরি বা অন্য কোন কারণে চেয়ারম্যানের সিদ্ধান্ত অনুসারে দিন পুণঃনির্ধারণ করা যেতে পারে মর্মে সর্বসম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিষদের পক্ষে ইউপি সচিব। |
| (খ) পরিষদের ব্যাংক হিসাব পরিচালনায় যোগদানকৃত নতুন সচিবের সিগন্যাচার পরিবর্তন প্রসঙ্গে। | সভাপতি মহোদয় বলেন, জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের কার্যালয়ের অফিস আদেশ নং ০৫.১২.২৯০০. ০১০. ০১৯. ০০৪. ২০-৪০৫ তারিখঃ ১৪/০৯/২০২২ মোতাবেক সচিব হিসেবে পদায়ন পেয়ে জনাব মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুন গত ০২/০২/২০২৩ ইং তারিখ পূর্বাহ্নে অত্র কার্যালয়ে যোগদান করেন। নীতিমালা অনুসারে পরিষদের যাবতীয় ব্যাংক হিসাব যথাক্রমে GOTTI UNION PARISHID VUMI | যৌথ ব্যাংক হিসাব পরিচালনায় নতুন যোগদানকৃত ইউপি সচিব জনাব মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুন এর সিগন্যাচার পরিবর্তন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব। |

| | | | |
|---|---|---|---|
| | HOSTONANTOR KORER 1 (যাহার হিসাব নং ২০৩৫৪৩৩০০৭১৪৮), GATTI TAHABIL U P UNNAYA (যাহার হিসাব নং ২০২৬৩৩৩০০২৮৭৬), CHAIRMAN GATTI UP (যাহার হিসাব নং ২০৩৫৪৩৩০০৩৬৩৪), GATTI UNION PARISAD JANMA O MIRTU NIBONDON FEE (যাহার হিসাব নং ২০৩৫৪৩৩০০১৬৯৫), 3 NO GATTI UNION PARISHAD UNNOYON SAHAYATA TAHABIL (যাহার হিসাব নং ২০৩৪৫০২০০০৯৬৩), EALG-Operation, Maintenance and others Gotti UP (যাহার হিসাব নং-২০৩৫৪০২০০০৭৮৪) পরিচালনার জন্য সিগন্যাটর হিসেবে নতুন যোগদানকৃত ইউপি সচিব জনাব মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুন এর নাম সহ সিগনেচার পরিবর্তন করা দরকার। উপস্থিত সদস্যবৃন্দ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত ব্যাংক হিসাবের যৌথ সিগন্যাটর হিসেবে অত্র পরিষদে নতুন যোগদানকৃত ইউচি সচিব মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুন এর নাম সহ সিগন্যাচার পরিবর্তন করা হোক মর্মে সকলে মত প্রকাশ করেন। | | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে সময়মত উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান এবং সকলের সুঃস্বাস্থ্য কামনা করে অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত-
(হাবিবুর রহমান লাবলু)
চেয়ারম্যান
৩নং গট্টি ইউনিয়ন পরিষদ
সালথা, ফরিদপুর

সভার স্থান : পরিষদের স্থায়ী কার্যালয় তারিখ : ১০/০৪/২০২৩ খ্রিঃ

সভাপতিত্ব : হাবিবুর রহমান লাবলু সময় : সকাল ১০ টা
চেয়ারম্যান, অত্র পরিষদ।

সভার কার্যবিবরণী

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর

| ক্রঃ নং | নাম | পরিচিতি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | হাবিবুর রহমান লাবলু | ইউপি চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ২. | মোছাঃ ঝর্না আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য-১,২,৩ | ” |
| ৩. | মোছাঃ হাজেরা বেগম | সংরক্ষিত মহিলা সদস্য-৪,৫,৬ | ” |
| ৪. | মোসাঃ বিলকিস বেগম | সংরক্ষিত মহিলা সদস্য-৭,৮,৯ | ” |
| ৫. | মোঃ নুরউদ্দিন মাতুব্বর | ইউপি সদস্য-১ | ” |
| ৬. | মোঃ মুরাদ মাতুব্বর | ইউপি সদস্য-২ | ” |
| ৭. | মোঃ পারভেজ | ইউপি সদস্য-৩ | ” |
| ৮. | মোঃ শাজাহান শেখ | ইউপি সদস্য-৪ | ” |
| ৯. | মনিরুজ্জামান | ইউপি সদস্য-৫ | ” |
| ১০. | মোঃ নুর ইসলাম মাতুব্বর | ইউপি সদস্য-৬ | ” |
| ১১. | মোঃ নুর ইসলাম খান | ইউপি সদস্য-৭ | ” |
| ১২. | মোঃ বকুল মাতুব্বর | ইউপি সদস্য-৮ | ” |
| ১৩. | মোঃ আবু মিয়া | ইউপি সদস্য-৯ | ” |
| ১৪. | মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুন | ইউপি সচিব | ” |

অদ্যকার সভা ৩নং গট্টি ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব হাবিবুর রহমান লাবলু সভাপতির আসন গ্রহণ করলে সভার কার্য আরম্ভ করা হয়। বিগত সভার কার্য বিবরণী পাঠান্তে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (ক) মৃত বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতার পরিবর্তে প্রতিস্থাপিত নতুন ভাতাভোগীর তালিকা প্রণয়ন ও প্রেরণ। | সভাপতি মহোদয় বলেন, উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর মহোদয়ের কার্যালয়ের মৌখিক নির্দেশনা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে মৃত বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতার পরিবর্তে প্রতিস্থাপনযোগ্য নতুন ভাতাভোগীর তালিকা তৈরি করে যথাযথ কর্তৃপক্ষ বরারব প্রেরণ করা দরকার। এ বিষয়ের বিস্তারিত আলোচনা করা হয়। ইউপি সদস্যগন বলেন, ইতোমধ্যে বিভিন্ন ওয়ার্ড হতে মৃত ভাতাভোগীদের তালিকা সংগ্রহ করা হয়েছে এবং মৃত ভাতাভোগীদের পরিবর্তে নতুন প্রতিস্থাপনযোগ্য ভাতাভোগীদের অগ্রাধিকার তালিকা সংগ্রহ করা হয়েছে। সকলে মতামত দেন যে, অগ্রাধিকার তালিকা | সুবিধাভোগীর নামের তালিকা দ্রুত তৈরি করে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ইউপি সদস্য (সকল), সার্বিক সহযোগীতায় ইউপি সচিব |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | অনুমোদিত হলে কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বমোট ৪৬ জন ভাতাভোগী নাম (যার মধ্যে বয়স্ক ভাতা-৪০টি, বিধবা ভাতা-৪টি, প্রতিবন্ধী ভাতা ০২ টি) তালিকাভূক্ত করে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর ইহা যথাযথ কর্তৃপক্ষ বরাবর দ্রুত প্রেরণ করা হোক মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত-
(হাবিবুর রহমান লাবলু)
চেয়ারম্যান
৩নং গট্টি ইউনিয়ন পরিষদ
সালথা, ফরিদপুর

সভার স্থান : পরিষদের স্থায়ী কার্যালয় তারিখ : ২৮/০৫/২০২৩ খ্রিঃ
সভাপতিত্ব : হাবিবুর রহমান লাবলু সময় : সকাল ১০.০০ টা
চেয়ারম্যান, অত্র পরিষদ।

সভার কার্যবিবরণী

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর

| ক্রঃ নং | নাম | পরিচিতি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | হাবিবুর রহমান লাবলু | ইউপি চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ২. | মোছাঃ ঝর্না আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য-১,২,৩ | ” |
| ৩. | মোছাঃ হাজেরা বেগম | সংরক্ষিত মহিলা সদস্য-৪,৫,৬ | ” |
| ৪. | মোসাঃ বিলকিস বেগম | সংরক্ষিত মহিলা সদস্য-৭,৮,৯ | ” |
| ৫. | মোঃ নুরউদ্দিন মাতুব্বর | ইউপি সদস্য-১ | ” |
| ৬. | মোঃ মুরাদ মাতুব্বর | ইউপি সদস্য-২ | ” |
| ৭. | মোঃ পারভেজ | ইউপি সদস্য-৩ | ” |
| ৮. | মোঃ শাজাহান শেখ | ইউপি সদস্য-৪ | ” |
| ৯. | মনিরুজ্জামান | ইউপি সদস্য-৫ | ” |
| ১০. | মোঃ নুর ইসলাম মাতুব্বর | ইউপি সদস্য-৬ | ” |
| ১১. | মোঃ নুর ইসলাম খান | ইউপি সদস্য-৭ | ” |
| ১২. | মোঃ বকুল মাতুব্বর | ইউপি সদস্য-৮ | ” |
| ১৩. | মোঃ আবু মিয়া | ইউপি সদস্য-৯ | ” |
| ১৪. | মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুন | ইউপি সচিব | ” |

অদ্যকার সভা ৩নং গট্টি ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব হাবিবুর রহমান লাবলু সভাপতির আসন গ্রহণ করলে সভার কার্য আরম্ভ করা হয়। বিগত সভার কার্য বিবরণী পাঠান্তে কোন সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট অনুমোদন। | সভাপতি মহোদয় পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া বাজেট উপস্থাপন করার জন্য ইউপি সচিব জনাব মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুনকে অনুরোধ জানান। সচিব সাহেব বাজেট সভায় অংশগ্রহণকৃত জনসাধারণের মতামতের ভিত্তিতে মোট রাজস্ব আয় ও উন্নয়ন আয় মিলে মোট ১,৮৮,২৬,৪৪০/- (এক কোটি আটাশি লক্ষ ছাব্বিশ হাজার চারশত চল্লিশ) টাকার খসড়া বাজেট উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত বাজেটের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে দু:স্থ প্রতিবন্ধীদের উন্নয়নের জন্য বরাদ্দ রাখার বিষয়ে | ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান, সার্বিক সহযোগীতায় ইউপি সচিব |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | আলোচনা ও সিদ্ধান্ত হয়। সভাপতি বলেন, ২০২১-২০২২ হতে ২০২৫-২০২৬ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) অর্থ বছরের জন্য ট্যাক্স এ্যাসেসমেন্ট করা হয়েছে। এ্যাসেসমেন্ট অনুসারে প্রতি বছর হাল করের পরিমান দাড়িয়েছে প্রায় ১৩,৯৫,০০০/- (তের লক্ষ পচানব্বই হাজার) টাকা। হাল সহ বকেয়া কর এবং অন্যান্য নিজস্ব আয় বৃদ্ধির জন্য সকলকে পরামর্শ দেওয়ার অনুরোধ জানানো হয়। সিদ্ধান্ত গৃহীত হয় যে, জনগণ যে কোন সেবা নিতে পরিষদে আসলে তাকে অবশ্যই ট্যাক্স রশিদ উপস্থাপন করতে হবে। বাজেটের বিভিন্ন খাতে প্রয়োজনীয় আয়-ব্যয় সংযোজন-বিয়োজন করা হয়। সকলে একমত হন যে, উক্ত বাজেট জনকল্যাণকর ও গনমুখী হয়েছে যাহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং চুড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর মহোদয়ের নিকট দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়। | | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত-
(হাবিবুর রহমান লাবলু)
চেয়ারম্যান
৩নং গট্টি ইউনিয়ন পরিষদ
সালথা, ফরিদপুর